



নির্বাচন ছিল গ্রহণযোগ্য ও প্রতিযোগিতামূলক: ইইউ পর্যবেক্ষক প্রধান



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন আন্তর্জাতিক মান বজায় রেখে গ্রহণযোগ্য পরিবেশে সম্পন্ন হয়েছে বলে মন্তব্য করেছেন ইভার্স ইজাবস। তবে নির্বাচনে নারী প্রতিনিধিত্বের হার প্রত্যাশা অনুযায়ী না হওয়ায় হতাশা প্রকাশ করেছে ইউরোপীয় ইউনিয়ন—এর নির্বাচন পর্যবেক্ষণ মিশন।

শনিবার (১৪ ফেব্রুয়ারি) রাজধানীর একটি হোটেলে আয়োজিত সংবাদ সম্মেলনে নির্বাচনের সামগ্রিক মূল্যায়ন তুলে ধরেন তিনি। ইভার্স ইজাবস বলেন, পুরো প্রক্রিয়াটি বিশ্বাসযোগ্যতার সঙ্গে সম্পন্ন হয়েছে এবং ভোট ছিল প্রতিযোগিতাপূর্ণ। নির্বাচন কমিশন স্বাধীনভাবে দায়িত্ব পালন করতে পেরেছে বলেও তিনি উল্লেখ করেন। জানা গেছে, এবারের নির্বাচনে পর্যবেক্ষণের জন্য ইউরোপীয় ইউনিয়ন মোট ২০০ জন পর্যবেক্ষক পাঠায়, যার মধ্যে ৯০ জন ছিলেন স্বল্পমেয়াদি। ২০০৮ সালের পর বাংলাদেশে এটিই ছিল তাদের পূর্ণাঙ্গ নির্বাচন পর্যবেক্ষণ মিশন।

LENS ASIA